বাংলা | Bengali

কীভাবে স্টুডেন্ট লোনের ধার সংক্রান্ত সমস্যা এড়াবেন

পরামর্শ + বিনামূল্যে সহায়তা এবং সংস্থান

ভিতরে যা রয়েছে:

আপনি কোনো স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামে নথিভুক্ত হওয়ার আগে পৃ.3
আপনি নিজের বা সন্তানের জন্য স্টুডেন্ট লোন নেওয়ার আগে পৃ.4
একবার আপনি স্টুডেন্ট লোন নিলে পৃ.6
বিনামূল্যে সহায়তা এবং সংস্থান পৃ.9

NYC Consumer and Worker Protection

Bill de Blasio
Mayor

Lorelei Salas
Commissioner

আপনি কোনো স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামে নথিভুক্ত হওয়ার আগে

আপনি যে স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামটি বাছবেন তা যেন অবশ্যই বিশ্বাসযোগ্য, এবং আশা করা যাক, সাশ্রয়ীও হয়। আপনার খোঁজখবরে নিজের সহায়তার জন্যই এই পরামর্শগুলি কাজে লাগান। অনুগ্রহ করে "আপনি নিজের বা সন্তানের জন্য স্টুডেন্ট লোন নেওয়ার আগে" অংশটিও পড়ে নিন।

বিনামূল্যে এবং কম-খরচায় পাওয়া যায় এমন প্রাপ্তবয়স্ক শিক্ষা এবং প্রশিক্ষণের বিকল্পগুলির কথা বিবেচনা করুন।

NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন রিসোর্সেস (Department of Education Resources)

schools.nyc.gov-এ যান বা **311**-এ কল করে এগুলির সম্পর্কে জিজ্ঞাসা করুন:

- আপনাকে আপনার হাই স্কুল ডিপ্লোমা বা টেস্ট অ্যাসেসিং সেকেন্ডারি কমপ্লিশন পেতে সাহায্য করে কিনা (Test Assessing Secondary Completion, TASC); বা
- কলেজে ভর্তি হতে বা কোনো পেশায় ঢোকার প্রশিক্ষণ শুরু করতে সাহায্য করে; বা
- চাকরির প্রশিক্ষণের বিকল্প, যার মধ্যে Brooklyn, Manhattan, Queens এবং Bronx অবস্থিত প্রাপ্তবয়স্কদের শিক্ষা কেন্দ্রগুলিও অন্তর্ভুক্ত রয়েছে।

অন্যান্য সংস্থান

- সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University of New York, CUNY): cuny.edu
- স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY): suny.edu
- সরকারী গ্রন্থাগার: nypl.org; bklynlibrary.org; queenslibrary.org
- কম্যুনিটি-ভিত্তিক সংস্থা
- ওয়ার্কফোর্স 1 কেরিয়ার সেন্টার্স: nyc.gov/sbs

আপনার TASC পাওয়ার জন্য ক্লাস করাতে কিন্তু আপনার কোনো বেসরকারি কলেজে ভর্তি হওয়ার দরকার নেই।

লাইসেন্সবিহীন বৃত্তিমূলক বা ট্রেড স্কুলগুলিকে এড়িয়ে চলুন।

যদি আপনি কোনো লাইসেন্সবিহীন স্কুলে ভর্তি হন, তাহলে আপনি বহু ক্ষেত্রেই লাইসেন্স পাওয়ার পরীক্ষায় বসতে পারবেন না। নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টকে (212) 643-4760 -তে বা (518) 474-3969-তে কল করে দেখুন যে কোনো বৃত্তিমূলক বা ট্রেড স্কুল লাইসেন্সপ্রাপ্ত কিনা।

গবেষণা।

আপনার জন্য কোন স্কুলটি সঠিক হবে সেটি বেছে নেওয়ার আগে অনেকগুলি স্কুলের তত্ত্বানুসন্ধান করুন। স্নাতক হওয়া ও স্নাতক সম্পূর্ণ করার হার, স্নাতকদের মধ্যে গড়পড়তা স্টুডেন্ট লোনের ঋণ এবং আপনার সংগ্রহ করা ক্রেডিটগুলি অন্য স্কুলে স্থানান্তরিত করা যাবে কিনা সে ব্যাপারে তথ্য চান।

নিজে নিজে স্বতন্ত্রভাবেও গবেষণা করুন। যেসব প্রাক্তন শিক্ষার্থীরা প্রোগ্রামটি সম্পূর্ণ করেছেন নিজের নেটওয়ার্ক ব্যবহার করে তাদের সাথে যোগাযোগ করুন, এবং দেখা করতে গেলে বর্তমান শিক্ষার্থীদের সাথেও কথা বলুন। আপনার আকাঙ্খিত ক্ষেত্রের নিয়োগকারীদের সাথে যোগাযোগ করে জিজ্ঞাসা করুন, যে স্কুলটিতে আপনি ভর্তি হওয়ার কথা বিবেচনা করছেন সেটি যথাযথ কিনা। বিভিন্ন স্কুলে প্রোগ্রামগুলির খরচা তুলনা করে দেখুন, আপনি যে স্কুলটিতে ভর্তি হওয়ার কথা ভাবছেন সেটির বিরুদ্ধে কোনো নেতিবাচক খবর বা মোকদ্দমা চলছে কিনা দেখুন, এবং স্কুল থেকে উপার্জন ও চাকরি পাওয়ার যে ডেটা পাচ্ছেন সেটি কলেজ স্কোরকার্ড এবং কলেজ নেভিগেটরের সাথে মিলিয়ে দেখুন।

মনে রাখবেন: যদি কোনো স্কুল বা ট্রেনিং প্রোগ্রামের সব আঙ্গিকগুলো শুনে সত্যি হওয়ার পক্ষে একটু বেশিই ভালো মনে হয়, তাহলে দুবার ভাবুন।

স্কুলের প্রত্যয়নের (সামগ্রিক, আঞ্চলিক, প্রাতিষ্ঠানিক এবং প্রোগ্রামবিশিষ্ট) সাথে কারা প্রত্যয়ন দিচ্ছে সেটিও দেখে নিন।

এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:

1. কোনো স্কুল প্রত্যয়িত কিনা দেখতে, www.ed.gov/accreditation-এ যান।
2. স্টেটের ওয়েবসাইট দেখে, বা আপনার আকাঙ্খিত ক্ষেত্রের সাথে প্রাসঙ্গিক পেশাদার, অথবা শংসাপত্রদানকারী এজেন্সীর ওয়েবসাইট দেখে প্রোগ্রামগুলির প্রত্যয়ন আছে কিনা পরখ করে নিন। ডেন্টিস্ট্রির মত কিছু প্রোগ্রাম পেশাবিশিষ্ট শংসাপত্রদানের কর্তৃপক্ষের দ্বারা প্রত্যয়িত থাকে, এবং সেইসব ক্ষেত্রগুলিতে চাকরি পেতে গেলেও কোনো প্রত্যয়িত প্রোগ্রামে উপস্থিত থাকা বাধ্যতামূলক হয়।

বিঃ দ্রঃ: প্রত্যয়ন মানেই কিন্তু স্কুলের গুণমান সুনিশ্চিত করে না বা ক্রেডিট স্থানান্তরযোগ্যতা নিশ্চয়তা দেয় না। স্কুলের গুণমান মূল্যায়নের জন্য **গবেষণার** পরামর্শগুলি দেখুন।

যদি আপনি কোনো প্রত্যয়নহীন স্কুলে যান, তাহলে হয়তো আপনি ফেডারেল আর্থিক সহায়তার সুবিধালাভ নাও করতে পারে, ক্রেডিট কোনো প্রত্যয়িত স্কুলে স্থানান্তরিত নাও করতে পারেন, এবং আকাঙ্খিত ক্ষেত্রে চাকরি নাও পেতে পারেন।

আপনি যে দিন স্কুল দেখতে যাচ্ছেন সেইদিনই সাইন আপ করবেন না।

আপনার সাইন আপ করার আগে আপনাকে বুঝতে হবে যে প্রোগ্রামটির খরচা কতটা পড়বে এবং আপনি সেটি কীভাবে মেটাবেন। যদি কোনো স্কুল বলে যে সেই বিশেষ সুবিধা শুধুমাত্র সেই দিনই পাওয়া যাচ্ছে, তাহলে চলে আসুন। কোনো স্কুলের নথিপত্রে স্বাক্ষর করার আগে আপনার পক্ষে নিজে থেকে শংসাপত্র ও আর্থিক সহায়তার প্রস্তাবগুলি যাচাই করা গুরুত্বপূর্ণ।

কখনোই এমন কিছুতে স্বাক্ষর করবেন না যা আপনি বুঝতে পারছেন না।

যদি কোনো স্কুল আপনাকে অকুস্থলেই কোনো চুক্তি বা সমঝোতায় স্বাক্ষর করতে জোরাজুরি করে, তাহলে চলে আসুন। গুরুত্বপূর্ণ ফর্মগুলি সর্বদাই ঘরে নিয়ে আসুন যাতে আপনি আরও মনোযোগ দিয়ে সেগুলি পড়তে পারেন এবং আপনি বিশ্বাস করেন এমন ব্যক্তিদের সাথে আলোচনা করতে পারেন।

এমন স্কুলগুলিকে বাদ দিয়ে চলুন যেগুলি আপনার গ্র্যাজুয়েশনের পরেই "চাকরির নিশ্চয়তা" দেয়।

কোনো স্কুল নিশ্চয়তা দিতে পারে না যে আপনি স্নাতক হলে চাকরি পাবেন কিনা। অনেক সময় এমন ঘটে, যে স্কুলগুলি এই ধরনের প্রতিশ্রুতি দিয়েছিল তারা আপনাকে কোনো চাকরির সুযোগ দিতে পারে না। কোনো স্কুল বিনিয়োগের পক্ষে সঠিক কিনা বুঝতে, চাকরি পাওয়ার হার কিরকম; চাকরি খোঁজায় আপনাকে সাহায্য করার জন্য কী কী পেশাভিত্তির পরিষেবা উপলভ্য রয়েছে; আপনার আকাঙ্খিত ক্ষেত্রে শুরুর দিকের বেতন কিরকম; এবং প্রাক্তনীদের মধ্যে কারা রয়েছেন জিজ্ঞাসা করুন যাতে আপনি স্নাতকদের সাথে আপনার পেশার সম্ভাব্য দিকগুলি নিয়ে কথা বলতে পারেন। এছাড়াও, আপনার আকাঙ্খিত পেশার লোকজন কোথা থেকে পড়েছেন তা জানতে LinkedIn দেখুন।

স্কুলটির টিউশন বাতিলকরণ নীতি লিখিতভাবে চান।

নীতিটিতে ব্যাখ্যা করে বলা উচিত যে আপনি বাতিল বা প্রত্যাহার করলেও কীভাবে আপনি অর্থ ফেরত্ পেতে পারেন। দুর্ভাগ্যবশত, একবার আপনি ক্লাসের জন্য সাইন আপ করে ফেললে, আপনার অর্থ ফেরত্ পাওয়া কঠিন হয়ে যেতে পারে। যদি কোনো স্কুল আপনাকে তাদের টিউশন বাতিলকরণ নীতির প্রতিলিপি দিতে অনিচ্ছুক হয়, তাহলে অন্য কোনো স্কুলের কথা ভাবুন।

অভিযোগ দাখিল করুন।

উচ্চশিক্ষার কোনো স্কুলের বিরুদ্ধে অভিযোগ দাখিল করতে 311-তে কল করুন বা nyc.gov/dca-তে যান।

আপনি নিজের বা সন্তানের জন্য স্টুডেন্ট লোন নেওয়ার আগে

আপনি আপনার উচ্চশিক্ষার জন্য কীভাবে *এখন* অর্থায়ন করছেন তা পরবর্তী বছরগুলিতে আপনাকে আর্থিকভাবে প্রভাবিত করতে পারে। নিজের অর্থায়নের সিদ্ধান্তগুলি নেওয়ার সময় এই পরামর্শগুলি কাজে লাগান।

আপনি যখন স্কুলে যাওয়ার পরিকল্পনা করবেন তখন প্রতি বছর ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড (Free Application for Federal Student Aid, FAFSA) সম্পূর্ণ করুন।

FAFSA নির্ধারণ করে যে পেল গ্র্যান্টস এবং নিউ ইয়র্ক স্টেট টিউশন অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামসহ (Tuition Assistance Program, TAP) আপনি কোনো কোন ফেডারেল, স্টেট এবং স্কুল সহায়তা প্রোগ্রাম এবং স্টুডেন্ট লোনগুলি পাওয়ার যোগ্য। কিছু প্রোগ্রাম, যেমন **মঞ্জুরী**, কলেজের খরচা হিসাবে অর্থ দেয় যা আপনাকে পরে পরিশোধ করতে হয়। **ঋণগুলি**, অপরপক্ষে, আপনাকে সুদসহ পরিশোধ করতে হয়।

গুরুত্বপূর্ণ: বেসরকারী মহাজন বা ঋণদাতাদের কাছে যাওয়ার আগে সর্বদাই ফেডারেল সহায়তা এবং ঋণের প্রোগ্রামগুলির কথা *বিবেচনা* করুন। ফেডারেল স্টুডেন্ট লোনে ঋণগ্রহীতা হিসাবে বেশি সুরক্ষা পাওয়া যায় এবং সচরাচর এটির সুদের হারও কম থাকে। ফেডারেল স্টুডেন্ট লোনের জন্য যোগ্য হতে আপনাকে আবশ্যিকভাবে FAFSA সম্পূর্ণ করতে হবে।

আপনার আর্থিক সহায়তার প্রস্তাবপত্রটি যত্নসহকারে পড়ুন।

বেশিরভাগ স্কুলই আপনাকে আর্থিক সহায়তার প্রস্তাবপত্র বা তথাকথিত "অ্যাওয়ার্ড লেটার" তখনই পাঠায়—যখন তারা আপনাকে ভর্তি নিতে চায়। এই চিঠিটি মন দিয়ে পড়া জরুরী যাতে আপনি জানতে পারেন যে আপনাকে কী কী দেওয়া হচ্ছে এবং আপনার শিক্ষার জন্য আপনাকে ঠিক কতটা অর্থ দিতে হবে। এই "সহায়তার" মধ্যে প্রায়শই মঞ্জুরী, ঋণ এবং কাজ-পড়াশুনো (কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়ার সাথে সাথে আংশিক সময় কাজ করার যোগ্যতা পেয়ে আপনি যে অর্থ উপার্জন করেন) মিশে থাকে। চিঠিতে পেরেন্ট প্লাসের মত ঐচ্ছিক ঋণের বিকল্পও দেওয়া থাকতে পারে, যা আপনার বাবা-মাকে(দেরকে) পরিশোধ করতে হবে। প্রত্যেক প্রকারের ঋণের সুদ ভিন্ন এবং সেগুলির মকুব করার বিকল্পও ভিন্ন হয়ে থাকে। অন্যভাবে বলতে গেলে, কিছু ঋণ অন্যান্য ঋণগুলির থেকে ভালো।

পেরেন্ট প্লাস ঋণের ঝুঁকিগুলি বুঝবেন।

যদি আপনি আপনার সন্তানের হয়ে কোনো পেরেন্ট প্লাস ঋণ নিয়ে থাকেন, তাহলে ঋণটি ছাড়ার পরেই যত শীঘ্র সম্ভব আপনাকে সেটির অর্থ পরিশোধ শুরু করতে হবে যদি না আপনি স্থগিতকরণের অনুরোধ করেন। যদি আপনি সেটি স্থগিত রাখেন তাহলে ঋণের উপর সুদ জমতে থাকবে এবং আপনি যখন অর্থ পরিশোধ শুরু করবেন তখন আপনাকে বেশি অর্থ পরিশোধ করতে হবে। যদি আপনার সন্তান যখন ভর্তি হচ্ছে তখন আপনি অর্থ পরিশোধ করতে না পারেন, তাহলে আপনার সন্তান হয়তো ক্লাসের জন্য রেজিস্টার করতে পারবে না। পেরেন্ট প্লাস ঋণগুলি অন্যান্য ফেডারেল স্টুডেন্ট লোনের মত একই উপার্জন-চালিত পরিশোধ পরিকল্পনার সাথে উপলভ্য নয়।

আপনি যদি পেরেন্ট প্লাস ঋণের জন্য আবেদন করেন, তাহলে ঋণদাতারা আপনার ঋণ পরীক্ষা করবেন। আপনার করা বা না করা যে কোনো পেমেন্ট আপনার ঋণকে প্রভাবিত করবে। পেমেন্ট দিতে ত্রুটি হলে বেতন, কর ফেরতের পরিমাণ এবং সোশ্যাল সিকিউরিটির পেমেন্ট থেকে কেটে নেওয়া হতে পারে।

আপনি আপনার পেরেন্ট প্লাস ঋণ আপনার সন্তানের কাছে স্থানান্তরিত করতে পারবেন না। এই ঋণটি পরিশোধ করা অভিভাবকদের আইনি দায়িত্বের মধ্যে পড়ে।

আপনার কতটা ঋণ লাগবে সেই পরিমাণটি জানুন, আর কোনো মতেই তার থেকে বেশি ঋণ গ্রহণ করবেন না।

আপনার কতটা ঋণ লাগবে এবং স্নাতক হওয়ার পরে আপনি কতটা পরিশোধ করার আশা রাখছেন তা ঠিক করার জন্য বাজেট তৈরী করুন। finaid.org/calculators/loanpayments.phtml-তে গিয়ে ফিনএইড লোন ক্যালকুলেটর ব্যবহার করুন।

খুব সহজ একটি নিয়ম হল স্নাতক হওয়ার পরে আপনি প্রথম যে চাকরিটি পাবেন তাতে বার্ষিকভাবে যতটা শোধ করতে পারবেন তার বেশি ঋণ না করা। কোন কোন সময় আপনার পড়াশুনোর জন্য যতটা লাগবে ঋণদাতারা আপনাকে তার থেকেও বেশি দেওয়ার প্রস্তাব দেয়। আপনাকে যে অনেকটা পরিমাণ ঋণ গ্রহণ করতেই হবে এমন নয়। অত্যধিক ঋণ নেওয়া মানে হল আপনি দীর্ঘমেয়াদে আরও বেশি সুদ দেবেন।

আপনি সব ফেডারেল স্টুডেন্ট লোন, কাজ-পড়াশুনো, বৃত্তি, এবং মঞ্জুরীর বিকল্পগুলি খুঁজেও কোন কিছু না পেলে শুধু তবেই বেসরকারী স্টুডেন্ট লোন নিন এবং তুলনা করুন।

একাধিক ঋণদাতার সাথে কথা বলুন এবং যে চুক্তিটি আপনার চাহিদা ভালোভাবে পূরণ করে সেটি বাছার জন্য চুক্তিগুলি তুলনা করুন। ফেডারেল স্টুডেন্ট লোনের থেকে বেসরকারী স্টুডেন্ট লোনের সুদের হার বেশি হয়ে থাকে; সেগুলির জন্য আপনি স্কুলে থাকা অবস্থাতেই পেমেন্ট করা শুরু করতে হয়; এবং এমন সুদের হার থাকতে পারে যেগুলি পরিবর্তনশীল, মানে সেগুলি সময়ের সাথে সাথে বাড়তে পারে। আপনার ক্রেডিট স্কোর উচ্চ হলে-এবং আপনি যদি একজন সহস্বাক্ষরকারী বা কোসাইনার ব্যবহার করার জন্য বেছে নেন-সুদের হার কম হবে। *বিঃ দ্রঃ:* আপনি ঋণ পরিশোধ করতে ব্যর্থ হলে ঋণ পরিশোধ করার জন্য আপনার কোসাইনার দায়ী হবেন।

ঋণের খরচা বাড়াতে পারে এমন ফীগুলি তুলনা করুন, যা ঋণগুলিকে আরও খরচাসাধ্য করে তুলতে পারে। এছাড়াও ঋণের মেয়াদ তুলনা করুন-ঋণটি পরিশোধ করতে কত বছর সময় লাগবে। ঋণের মেয়াদ যত বেশি হবে আপনি সামগ্রিকভাবে তত বেশি অর্থ পরিশোধ করবেন।

কখনোই এমন কিছুতে স্বাক্ষর করবেন না যা আপনি বুঝতে পারছেন না।

যদি কোনো স্কুল আপনাকে অকুস্থলেই কোনো চুক্তি বা সমঝোতায় স্বাক্ষর করতে জোরাজুরি করে, তাহলে চলে আসুন। গুরুত্বপূর্ণ ফর্মগুলি সর্বদাই ঘরে নিয়ে আসুন যাতে আপনি আরও মনোযোগ দিয়ে সেগুলি পড়তে পারেন এবং আপনি বিশ্বাস করেন এমন ব্যক্তিদের সাথে আলোচনা করতে পারেন।

দীর্ঘমেয়াদের কথা বিবেচনা করুন।

সচরাচর একটি ব্যাচেলর্স ডিগ্রী প্রোগ্রাম শেষ করতে চার থেকে ছয় বছর লাগে, এবং ফেডারেল স্টুডেন্ট লোন থেকে আপনি কত অর্থ ঋণ নিতে পারেন তার একটি সীমা আছে। নিশ্চিত করুন যে প্রোগ্রামটি শেষ করতে যত সময় লাগবে তার পুরো মেয়াদের জন্যই আপনি যেন টিউশন ফী এবং জীবনধারণের খরচা জোগাতে পারেন। মনে রাখবেন যে আর্থিক সহায়তার অফারগুলি প্রথম বছরে উচ্চতর থাকলেও পরের বছরগুলিতে তা কমতে পারে।

যদি আপনি মনে করেন যে আপনার প্রতিকারমূলক ক্লাসের দরকার পড়তে পারে, তাহলে CUNY স্টার্টের কথা বিবেচনা করুন, যেটি কম খরচায় কলেজের প্রস্তুতির নিবিড় প্রশিক্ষণ দেয়।

এছাড়াও দেখে নিন যে স্নাতক হওয়ার পরে আপনি আপনার ঋণের অর্থ শোধ করতে পারবেন কিনা। বিরল ক্ষেত্র ছাড়া, স্টুডেন্ট লোনে কিন্তু দেউলিয়ার ব্যাপারে ঋণ মকুব করা হয় না।

অত্যধিক ঋণ না নিয়ে ফেলার ব্যাপারে সতর্ক থাকুন।

নিশ্চিত করে নিন যে আপনি যে কোনো ঋণের শর্তাবলী বুঝেছেন এবং আপনি সেই ঋণ পরিশোধ করতে পারবেন। ঠিক একই কথা আপনার অভিভাবকের ক্ষেত্রেও প্রযোজ্য, যদি তাঁরা ফেডারেল পেরেন্ট প্লাস ঋণ নেওয়ার কথা ভাবেন বা কোনো বেসরকারী স্টুডেন্ট লোন নেওয়ার ক্ষেত্রে আপনার কোসাইনার হওয়ার কথা বিবেচনা করেন। আপনি যদি সময় মত ঋণ শোধ না করতে পারেন তাহলে ঋণগুলি আপনার ক্রেডিট স্কোর কমিয়ে দিতে পারে, এবং স্টুডেন্ট লোনের ক্ষেত্রে কিন্তু সচরাচর দেউলিয়ার ব্যাপারে ঋণ মকুব করা হয় না। অপরিশোধিত স্টুডেন্ট লোনের ফলস্বরূপ ঋণদাতাদের পক্ষ থেকে আইনি পদক্ষেপ নেওয়া হতে পারে এবং সেই মোকদ্দমা সফল হলে তা আপনার বেতন বা আপনার সম্পত্তির উপর করের পূর্বস্বত্ব কেটে নেওয়ায় দাঁড়াতে পারে। অপরিশোধিত স্টুডেন্ট লোনের ফলস্বরূপ আপনার বেতন কাটার সাথে, আপনার কর ফেরত্ বা সোশ্যাল সিকিউরিটির পেমেন্টগুলিও কেটে নেওয়া হতে পারে।

আপনার পেমেন্ট শুরুর তারিখটি মনে রাখুন যাতে আপনি কোনো পেমেন্ট বাদ না দিয়ে ফেলেন।

ফেডারেল স্টুডেন্ট লোন এবং কিছু বেসরকারী স্টুডেন্ট লোন আপনাকে স্কুলে থাকাকালীন এবং স্নাতক হওয়ার পরে ছয় মাস অবধি পেমেন্ট স্থগিতকরণের সুবিধা দেয়। এটি অনুগ্রহ পর্ব নামে পরিচিত। পেরেন্ট প্লাস লোনের মত কিছু ঋণের ক্ষেত্রে, ঋণ মঞ্জুর করার পরে যত শীঘ্র সম্ভব অর্থ পরিশোধ শুরু করতে হয়। পেরেন্ট প্লাস লোন সম্পর্কিত বিভাগগুলি দেখুন।

গুরুত্বপূর্ণ: ভর্তুকিহীন ফেডারেল লোনের মত কিছু ঋণের ক্ষেত্রে, আপনি স্কুলে থাকার সময় এবং এই অনুগ্রহ পর্ব চলাকালীনই সুদ জমা হতে পারে। *ভর্তুকিপ্রাপ্ত* ঋণগুলিতে আপনি স্কুলে থাকার সময় বা এই অনুগ্রহ পর্ব চলাকালীন সুদ জমা হয় না।

একবার আপনি স্টুডেন্ট লোন নিলে

আপনার স্টুডেন্ট লোনের ঋণ পরিশোধ করা বিভ্রান্তিকর হয়ে দাঁড়াতে পারে। কিন্তু দেরীতে পরিশোধ করা-বা একেবারেই পরিশোধ না করার ফলে দীর্ঘমেয়াদী ও গুরুতর পরিণাম দেখা দিতে পারে। এই পরামর্শগুলি কাজে লাগান, যার মধ্যে রয়েছে মাসিক ঋণের কিস্তি কমানোর উপায় খোঁজা, কর্তব্যে অবহেলা বা ত্রুটি করা, বা ঋণ মকুব করে দেওয়ার সুযোগ সন্ধান করা, বা নিজেকে সুরক্ষিত ও পরিকল্পিত রাখতে সাহায্য করা।

স্টুডেন্ট লোন ধারক সবাই

- আপনি ব্যক্তিগত বা বৈদ্যুতিন মাধ্যমে যে ঋণের নথিপত্রে স্বাক্ষর করছেন সেগুলি প্রতিলিপি রেখে দিন।

> ***গুরুত্বপূর্ণ:*** কর্জপত্রটি বিশেষ গুরুত্বপূর্ণ কারণ এটিই সেই আইনি চুক্তি যাতে আপনি সুদসহ এবং অন্যান্য খরচা ও ফীসহ ঋণ পরিশোধ করার প্রতিশ্রুতি করে স্বাক্ষর করেছেন। কর্জপত্রটিতে ঋণের মেয়াদ ও শর্তাবলী, পরিশোধের বিকল্প, এবং আপনি অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে কি ঘটবে সেই বিশদ দেওয়া থাকে।

- যদি আপনি আপনার স্টুডেন্ট লোনের সুদের হার, কীভাবে আপনার ঋণ পরিশোধ করতে হবে ইত্যাদিসহ কাগজপত্রে থাকা সব শর্তাবলী না বোঝেন তাহলে NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারে গিয়ে সাহায্য চান (**নিখরচায় সহায়তা** দেখুন)।
- **আপনার পেমেন্ট শুরুর তারিখটি মনে রাখুন যাতে আপনি কোনো পেমেন্ট বাদ না দিয়ে ফেলেন।**
  - ফেডারেল স্টুডেন্ট লোন এবং কিছু বেসরকারী স্টুডেন্ট লোন আপনাকে স্কুলে থাকাকালীন এবং স্নাতক হওয়ার পরে ছয় মাস অবধি পেমেন্ট স্থগিতকরণের সুবিধা দেয়। এটি অনুগ্রহ পর্ব নামে পরিচিত।

> ***গুরুত্বপূর্ণ:*** ভর্তুকিহীন ফেডারেল লোনের মত কিছু ঋণের ক্ষেত্রে, আপনি স্কুলে থাকার সময় এবং এই অনুগ্রহ পর্ব চলাকালীনই সুদ জমা হতে পারে। অনুগ্রহ পর্ব চলাকালীন আপনাকে পেমেন্ট করতে হবে না। যাইহোক, আপনি হয়তো অনুগ্রহ পর্ব চলাকালীন জমা হওয়া সুদ ভবিষ্যতে পরিশোধ করার জন্য দায়ী থাকতে পারেন।

  - যদি আপনি কোনো বিল বা অর্থ পরিশোধের নোটিশ নাও পান, তবুও আপনার অর্থ পরিশোধের সূচী অনুসারে ঋণটি মিটিয়ে দিন।
- *আপনি যদি আপনার স্টুডেন্ট লোনের জন্য কোনো কোসাইনার ব্যবহার করেন*, তাহলে কে অর্থ পরিশোধ করবেন সেই ব্যাপারে আপনি এবং আপনার কোসাইনার দুজনে সহমত হয়ে নিন। কোসাইনার হলেন সহ-ঋণদাতা এবং আপনি ঋণটি পরিশোধ করতে ব্যর্থ হলে তিনি ঋণটি শোধ করার জন্য দায়ী থাকবেন।

বেসরকারী স্টুডেন্ট লোন ধারক

- বেসরকারী স্টুডেন্ট লোনগুলি ব্যাঙ্ক, অনলাইন ঋণদাতা বা ক্রেডিট ইউনিয়নের মত বেসরকারী ঋণদাতাদের তরফে জারী করা হয়। বেসরকারী স্টুডেন্ট লোনগুলি আপনার ন্যাশনাল স্টুডেন্ট লোন ডেটা সিস্টেম (National Student Loan Data System, NSLDS) রিপোর্টে থাকবে না, কিন্তু সেটি হয়তো আপনার ক্রেডিট রিপোর্টে থাকতে পারে, যেটি আপনি annualcreditreport.com-থেকে নিখরচায় পেতে পারেন।
- আপনার স্কুলের আর্থিক সহায়তা অফিসেও আপনার বেসরকারী স্টুডেন্ট লোনের ব্যাপারে তথ্য থাকতে পারে।

বিঃ দ্রঃ: ফেডারেল স্টুডেন্ট লোনের মত, বেসরকারী বেসরকারী স্টুডেন্ট লোনগুলিতে বহু সুরক্ষামূলক বৈশিষ্ট্য নাও থাকতে পারে যা ফেডারেল স্টুডেন্ট লোনের গ্রহীতাদেরকে প্রদান করা হয়, যেমন, উপার্জন-চালিত অর্থ পরিশোধের পরিকল্পনা বা ঋণ মাফ করে দেওয়া।

> ***গুরুত্বপূর্ণ:*** যদি আপনি পুনরায় অর্থায়ন বা বেসরকারী স্টুডেন্ট লোন একত্রিত করার কথা বিবেচনা করেন, তাহলে মনে রাখবেন যে শর্তাবলী আপনার সুদের হার ও ঋণ পরিশোধ করতে কতদিন লাগবে সেই মেয়াদ পরিবর্তন করা সম্ভব। আপনি যে ঋণের কথাই বিবেচনা করুন না কেন তার শর্তাবলী বোঝার জন্য সাহায্য চান।

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক

- আপনার স্টুডেন্ট লোনে কতটা বকেয়া আছে, আপনার সুদের হার কত, ঋণ পরিশোধের স্থিতি, এবং আপনার ঋণ পরিষেবকের নামসহ বিশদ সম্পর্কে আরও জানার জন্য, এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:
  - যদি আপনার ইতিমধ্যেই ফেডারেল স্টুডেন্ট এইড (Federal Student Aid, FSA) ID না থাকে তাহলে studentaid.ed.gov-তে যান। *বিঃ দ্রঃ:* আপনি যখন আপনার ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড (Free Application for Federal Student Aid, FAFSA) দাখিল করেছিলেন তখন যে পাসওয়ার্ড ও ইউজারনেম ব্যবহার করেছিলেন FSA ID-ও সেটিই থাকবে।
  - আপনার FSA ID দিয়ে, আপনি NSLDS.ed.gov-তে লগ ইন করুন।
  - NSLDS ব্যবহার করে আপনি দেখতে পারেন যে আপনার কতটা বাকি আছে এবং কারা আপনার ঋণের পরিষেবা দেয়। কোনো **ঋণ পরিষেবাদাতা** আপনার ঋণটির পরিচালনা করেন এবং ঋণ পরিশোধ করা, কোনো পেমেন্ট প্ল্যান বাছা, আপনার ঋণগুলিকে একত্রীকরণ করা, বা আপনার প্রশ্নের উত্তর দেওয়ার প্রাথমিক যোগাযোগের কেন্দ্র।

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক যারা উপার্জন-চালিত পরিশোধের পরিকল্পনা চাইছেন

আপনি আপনার উপার্জনের উপর নির্ভর করে পেমেন্ট করার জন্য যোগ্য হতে পারেন।

- **উপার্জন-চালিত পরিশোধের পরিকল্পনা** আপনাকে আপনার উপার্জন ও পরিবারের আকারের উপর নির্ভর করে স্থিরীকৃত একটি পরিমাণ দিয়ে মাসিকভাবে ঋণ পরিশোধ করতে দেয়। আপনার উপার্জনের উপর নির্ভর করে, আপনার পেমেন্ট মাসে $0-এর মত কমে যেতে পারে। যদি আপনি এই বিকল্পগুলি

ফেডারেল স্টুডেন্ট লোন মুক্ত করা

বহু ধরনের ফেডারেল স্টুডেন্ট লোন মুক্ত করার বিকল্প রয়েছে। "ঋণ মুক্ত" করা মানে হল আপনাকে নির্দিষ্ট পরিস্থিতির দরুণ আর আপনার স্টুডেন্ট লোনের পেমেন্ট করতে হবে না। যদি আপনি এমন কোনো স্কুলে যাওয়ার জন্য ঋণ নিয়ে থাকেন যা আপনাকে চাকরি পাওয়া বা সার্টিফিকেট পাওয়ার সম্ভাবনা, আপনার পড়াশুনোর ক্ষেত্রে লাইসেন্স পাওয়া, স্কুলের স্নাতক হওয়ার হার, স্নাতক হওয়ার পরে উপার্জন বা স্কুলে শিক্ষার খরচা নিয়ে ভুল পথে চালিত করেছে তাহলে আপনি "ঋণগ্রহীতার প্রতিরক্ষা" নামক একধরনের ফেডারেল স্টুডেন্ট ঋণ মাফের যোগ্য হতে পারে। যদি আপনি কোনো স্কুলে ভর্তি থাকাকালীন বা স্কুলে ছেড়ে যাওয়ার অব্যবহিত পরেই কলেজ বা কেরিয়া স্কুলটি বন্ধ হয়ে যায় তাহলে আপনি আপনার ফেডারেল স্টুডেন্ট লোনের জন্য "স্কুল বন্ধ হয়ে যাওয়ার দরুণ ঋণমুক্তির" যোগ্য হতে পারেন। অন্যান্য ধরনের ঋণমুক্তির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে এবিলিটি টু বেনিফিট ডিসচার্জ, টোটাল অ্যান্ড পার্মানেন্ট ডিসেবিলিটি ডিসচার্জ, এবং আরও অনেক কিছু। আপনি ঋণমুক্ত করার জন্য আপনার আবেদন নিয়ে আইনি সহায়তা চাইতে পারেন।

নিউ ইয়র্ক স্টেট ঋণ মাফ প্রকল্প

নির্দিষ্ট পেশার ব্যক্তিদের জন্য স্টেট অন্যান্য কিছু ঋণ মাফের প্রকল্প প্রদান করে থাকে।

এছাড়াও রয়েছে নিউ ইয়র্ক স্টেট নিজের পায়ে দাঁড়ান প্রকল্প, যা নিউ ইয়র্কের এমন বাসিন্দাদের জন্য 24 মাস পর্যন্ত ঋণ মাফ করে, যারা নিউ ইয়র্ক স্টেট কলেজ বা বিশ্ববিদ্যালয় থেকে ডিসেম্বর 2014 বা তার পরে স্নাতক ডিগ্রী লাভ করেছেন এবং যাদের মোট উপার্জন $50,000-এর কম এবং যারা অন্যান্য যোগ্যতার আবশ্যিকতাগুলি পূরণ করেছেন। hesc.ny.gov-তে আরও জানুন।

পাওয়ার যোগ্য না হন, তাহলে আপনি একটি স্নাতকোত্তর পরিশোধ পরিকল্পনার যোগ্য হতে পারেন, যেটি আপনাকে ছোট ছোট কিস্তি দিয়ে শুরু করে পরের দিকে কিস্তির পরিমাণ বাড়াতে দিতে পারে। এই স্নাতকোত্তর পরিশোধ পরিকল্পনাটি আপনার পরিশোধের পর্ব প্রসারিত করতে পারে এবং ঋণের সুদ হিসাবে আপনি মোট যত অর্থ দিচ্ছেন তার পরিমাণও বাড়াতে পারে।

বিভিন্ন পরিশোধের পরিকল্পনা এবং আপনার হাতে থাকা বিকল্পগুলি দেখতে, StudentLoans.gov-এ যান এবং আপনার FSA ID দিয়ে রিপেমেন্ট এস্টিমেটর টুল-এ লগ ইন করুন।

গুরুত্বপূর্ণ: আপনি অবশ্যই আপনার ঋণ পরিষেবাদাতার সাথে যোগাযোগ করে পরিকল্পনা বাছবেন এবং তাতে নাম নথিভুক্ত করাবেন।

- আপনি হয়তো পে অ্যাজ ইউ আর্ন (Pay As You Earn, PAYE) বা রিভাইজড পে অ্যাজ ইউ আর্নের (Revised Pay As You Earn, REPAYE) মত উপার্জন-চালিত পরিশোধের পরিকল্পনার জন্য যোগ্য হতে পার্কিনস অ্যান্ড ফেডারেল ফ্যামিলি এডুকেশন লোন(Federal Family Education Loan, FFEL) একত্রিত করতে পারেন।

গুরুত্বপূর্ণ: একত্রীকরণের মধ্যে আপনি কোন কোন ঋণগুলিকে একত্রিত করছেন সেই ব্যাপারে সতর্ক হন এবং আপনার নিজের শিক্ষার জন্য নেওয়া স্টুডেন্ট লোনসহ পেরেন্ট প্লাস লোন একত্রিত করা এড়িয়ে চলুন *কারণ আপনি অনুকূল পরিশোধের পরিকল্পনা লাভের অধিকার হারাতে পারেন।*

যদি আপনি আপনার ফেডারেল স্টুডেন্ট লোনকে কোনো বেসরকারী স্টুডেন্ট লোন দিয়ে পুনরায় অর্থায়ন করানোর কথা বিবেচনা করছেন:

- ○ এটা বুঝুন যে আপনি এই তথ্যপত্রে দেওয়া নিবারণ, স্থগিতকরণ, উপার্জন-চালিত পরিশোধ, পুনর্বাসন, এবং একত্রীকরণের বিকল্পের সুবিধাগুলি হারাবেন, সাথে শুধুমাত্র ফেডারেল স্টুডেন্ট লোনের জন্য উপলভ্য ঋণ মাফ করার ও ছাড়ার বিকল্পগুলিও হারাবেন।

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক যারা ঋণ মাফ করাতে চাইছেন

নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে, আপনি হয়তো আপনার ফেডারেল স্টুডেন্ট লোন মাফ, বাতিল বা অব্যাহতি পাওয়ার যোগ্যতা পেতে পারেন, যার মানে হল আপনাকে আর আপনার ঋণ পরিশোধ করার দরকার নেই।

- **ফেডারেল পার্কিনস লোন প্রোগ্রামের** অধীনে করা ঋণগুলি হয়তো মাফের জন্য যোগ্য হতে পারে যদি আপনি অগ্নিনির্বাপণ, আইনি বলবত্করণ, সেবা, শিক্ষকতা এবং সমাজকর্মের মত নির্দিষ্ট কিছু পেশায় যুক্ত থাকেন। এই বিকল্পটির ব্যাপারে studentaid.ed.gov-এ গিয়ে আরও দেখুন।
- **সরকারি ঋণ মাফ (Public Service Loan Forgiveness, PSLF) প্রকল্প** কোনো যোগ্য কর্মচারী হিসাবে পূর্ণ সময় কাজ করতে করতে উপযুক্ত পরিশোধ পরিকল্পনার অধীনে 120টি মাসিক পেমেন্ট করার পরে আপনার প্রত্যক্ষ ঋণের বাকি টাকা মকুব করে দেয়। PSLF-এর জন্য উপযুক্ত হতে আপনি FFEL ঋণকে কোনো প্রত্যক্ষ ঋণে একত্রিত করতে পারেন।
  - ○ নিশ্চিত করে নিন যে কোন চাকরিগুলি PSLF-এর জন্য উপযুক্ত এবং কোন ঋণগুলি যোগ্য তা আপনি বুঝেছেন। কীভাবে আবেদন করতে হবে জানার জন্য StudentLoans.gov-এ যান।
  - ○ যদি আপনি প্রকল্পটিতে অংশগ্রহণ করতে চান, তাহলে আপনার নিয়োগকারীকে ঋণ মাফের জন্য আপনাকে উপযুক্ত করে তুলতে আপনার চাকরিটির প্রত্যয়ন দান করতে হবে এই ঋণ মাফ 120টি যোগ্য কিস্তিতে টাকা প্রদানের পরে শুরু হয়।

গুরুত্বপূর্ণ: PSLF ইন্টারন্যাল রেভিনিউ সার্ভিসেসের দ্বারা (Internal Revenue Service, IRS) করযোগ্য নয়। কিন্তু নিউ ইয়র্ক স্টেট নিজের পায়ে দাঁড়ান প্রকল্পের মত ঋণ মাফের প্রকল্পগুলি করযোগ্য, যার মানে হল প্রকল্পের মাধ্যমে যে পরিমাণ টাকা মকুব করা হল আপনাকে সেই পরিমাণের উপর কর দিতে হবে। অনুগ্রহ করে প্রশ্ন থাকলে কোনো করের পেশাদারের সাথে পরামর্শ করে নিন।

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক যাঁরা ত্রুটি করেছেন

আপনার হাতে দুটিই বিকল্প রয়েছে, প্রত্যেকটি আপনি একবারই ব্যবহার করতে পারবেন।

1. **পুনর্বাসনের জন্য** আপনাকে 10 মাসের মধ্যে নয়টি কিস্তির অর্থ শোধ করতে হয়। যদি আপনি প্রয়োজনীয় পরিমাণ অর্থ দিতে না পারেন, তাহলে আপনি ঋণ সংগ্রহকারী বা যে ঋণ পরিষেবাদাতা আপনার সাথে ঋণ সম্পর্কে যোগাযোগ করেছিলেন তাঁর সাথে একটি "যুক্তিগ্রাহ্য এবং সাশ্রয়ী" মাসিক পেমেন্ট (মাসে $5-এর মত কম) নিয়ে মধ্যস্থতা করতে পারেন।

   আপনি যখন ঋণটি পুনর্বাসন করবেন, তখন আপনার ক্রেডিট রিপোর্ট থেকে সেই ত্রুটিটি অপসারণ করা হবে এবং আপনি আপনার ঋণ পরিষেবাদাতাকে টাকা পরিশোধ করা চালিয়ে যেতে পারেন। এমনকি আপনার ক্রেডিট রিপোর্টে ত্রুটি না দেখালেও, পেমেন্ট বাদ দিয়ে যাওয়ার ইতিহাস কিন্তু সাত বছর ধরে আপনার ক্রেডিট রিপোর্টে থেকে যাবে। সচরাচর, ঋণটি পুনর্বাসনের জন্য কালেকশন ফী (না মেটানো ঋণের বকেয়ার 16 শতাংশ পর্যন্ত) মূল্যায়ন করা হয় এবং সেটিকে আপনার ঋণের ব্যালেন্সের সাথে যুক্ত করা হতে পারে।

2. **একত্রীকরণ**, যার মধ্যে আপনার আগের ঋণকে(গুলিকে) একটি নতুন ঋণে একত্রিত করা হয় যাতে ত্রুটিমুক্ত ভাবে দ্রুততর পরিশোধের রাস্তা পাওয়া যায়। একত্রীকরণ করা আপনার ঋণ পরিশোধের জন্য দীর্ঘতর মেয়াদ (30 বছর পর্যন্ত)দিয়ে আপনার মাসিক কিস্তির পরিমাণ কমিয়ে দেয়।

   যখন আপনি ঋণ একত্রীকরণ করেন, তখন আপনার পুরোনো ঋণের ত্রুটি কিন্তু সাত বছর পর্যন্ত আপনার ক্রেডিট রিপোর্টে থেকে যাবে। আপনার নতুন একত্রিত ঋণে অপরিশোধিত ঋণের 18.5 শতাংশ অবধি কালেকশন ফী যোগ করা হতে পারে। আপনার ঋণ একত্রীকরণ করলে আপনি PSLF বা নির্দিষ্ট ঋণের অব্যাহতির জন্য আপনি যা যা পেমেন্ট করেছিলেন সেই ক্রেডিটগুলিও হারাবেন।

এই বিকল্পগুলির ব্যাপারে আরও তথ্য জানার জন্য studentaid.ed.gov-এ যান।

একবার আপনি আপনার ঋণ একত্রীকরণ বা পুনর্বাসন করে ফেললে, উপাজন-চালিত পরিশোধ পরিকল্পনা বিকল্পের কথা বিবেচনা করুন।

স্টুডেন্ট লোন ধারক যাদের পেমেন্ট বাকি পড়ে গেছে

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক

- যদি আপনার অবিলম্বে সাহায্য লাগে, তাহলে **স্থগিতকরণ** এবং **নিবারণ** আপনাকে সাময়িকভাবে আপনার ঋণের পেমেন্ট দেওয়া বন্ধ রাখতে পারে। বেশিরভাগ ক্ষেত্রেই, *সুদ তার পরেও জমতে থাকবে।* যদি আপনার মাসিক ঋণ পরিশোধের কিস্তি দিতে অসুবিধা হয়, তাহলে স্থগিতকরণ বা নিবারণের চেয়ে উপার্জন-চালিত পরিশোধ পরিকল্পনায় নথিভুক্ত করা আরও সাশ্রয়ী বিকল্প হতে পারে।

বেসরকারী স্টুডেন্ট লোন ধারক

- যদি আপনি কোনো আর্থিক কষ্টে ভোগেন তাহলে আপনার পেমেন্ট কমানোর জন্য বা সাময়িকভাবে আপনার ঋণের পেমেন্ট স্থগিত রাখার বিকল্পগুলির ব্যাপারে জানতে আপনার পরিষেবাদাতাকে জিজ্ঞাসা করুন। আরেকটি বিকল্প হল কম সুদে হার সহ ঋণ এবং/বা দীর্ঘতর পরিশোধ পর্ব দিয়ে পুনরায় অর্থায়ন করানো। মনে রাখবেন বহু পুনর্নবীকরণ ঋণেই মাশুল ধরা হয়।

নিখরচায় সহায়তা

কলেজ গোল NY (College Goal NY)-এর সাথে ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড সম্পূর্ণ (FAFSA) করে নিখরচায় সহায়তা পান

অনুষ্ঠানের অবস্থানের তালিকা দেখার জন্য www.collegegoalny.org-এ যান।

NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারে নিখরচায় পেশাদার আর্থিক উপদেশ পান

সাক্ষাত্কার নিতে:

311-তে কল করুন | nyc.gov/dca-তে যান | * TalkMoney লিখে 42033-তে টেক্সট করুন

*মেসেজ এবং ডেটার শুল্ক প্রযোজ্য হতে পারে। আপনার পরিষেবাদাতার কাছ থেকে দেখে নিন।

NYC ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারগুলি কম্যুনিটি-নির্ভর সংস্থার সহযোগিতায় ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যান্ড ওয়ার্কার প্রোটেকশন কর্তৃক পরিচালিত। কাউন্সেলররা শিক্ষার্থীদেরকে(সম্ভাব্য, বর্তমান, প্রাক্তন) সাহায্য করার জন্যই প্রশিক্ষিত:

- স্কুলের টাকা মেটানোর জন্য একটি বাজেট তৈরী করুন;
- আগের কোন নথিভুক্ত অথচ পুরোনো বকেয়া থাকা স্টুডেন্ট লোন পরিচালনা করা এবং/বা অতিরিক্ত স্টুডেন্ট লোন নেওয়া সহ স্টুডেন্ট লোনের বিকল্পগুলি বুঝুন এবং অন্বেষণ করুন;
- স্টুডেন্ট লোনের ঋণ সংগ্রহ কীভাবে পরিচালনা করতে হয়;
- মাসিক পরিশোধের কিস্তি কম করার জন্য উপার্জন-চালিত পরিশোধ পরিকল্পনায় নথিভুক্ত করান (শুধু ফেডারেল স্টুডেন্ট লোন ধারকদের জন্য);
- ঋণ মুক্ত হওয়ার বিকল্পগুলি বুঝে নিন;
- স্টুডেন্ট লোনের ত্রুটি বা অবহেলা করবেন না।

কাউন্সেলররাও প্রয়োজনমত অলাভজনক আইনি পরিষেবার কাছে সুপারিশ করতে পারে।

সংস্থান

কলেজ বোর্ড

আর্থিক সহায়তা প্রদানের চিঠিগুলি তুলনা করে দেখা জন্য https://bigfuture.collegeboard.org/pay-for-college/financial-aid-awards/compare-aid-calculator-তে যান।

কলেজ নেভিগেটর

স্কুলের টিউশন, স্নাতক হওয়ার হার, স্টুডেন্ট লোনের ত্রুটির হার এবং আরও অনেক কিছু সংক্রান্ত ডেটা দেখতে nces.ed.gov/collegenavigator দেখুন।

কলেজ স্কোরকার্ড

স্কুলের গড় বার্ষিক খরচা, স্নাতক হওয়ার হার এবং পড়াশুনো শেষ করার পরে প্রাপ্ত বেতন তুলনা করতে collegescorecard.ed.gov দেখুন। আপনি গড় ঋণ, ডিগ্রী শেষ করার পরে শিক্ষার্থীদের মাসিক পেমেন্টের পরিমাণ, এবং কত সংখ্যক শিক্ষার্থী তাদের ঋণ পরিশোধ করেছেন (প্রাক্তন শিক্ষার্থীরা যে তাদের ঋণ পরিশোধ করার ক্ষমতায় পৌঁছেছে তার একটি লক্ষণ) এগুলিও তুলনা করে দেখতে পারেন।

কনজিউমার ফিন্যান্সিয়াল প্রোটেকশন ব্যুরো (Consumer Financial Protection Bureau, CFPB)

এগুলির জন্য consumerfinance.gov-এ যান:

- কলেজের জন্য টাকা পরিশোধ করার ব্যাপারে আপনাকে অবহিত আর্থিক সিদ্ধান্ত নিতে সাহায্য করে এমন হাতিয়ার এবং সংস্থান।
- পেব্যাক প্লেবুক (উপার্জন-চালিত পরিশোধের পরিকল্পনা সংক্রান্ত তথ্য) পাবেন https://files.consumerfinance.gov/f/documents/201701_cfpb_payback-playbook-disclosures-revised.pdf

ফেডারেল স্টুডেন্ট এইড (U.S. শিক্ষাবিভাগের অংশ)

এগুলির জন্য studentaid.ed.gov/sa-এ যান:

- FAFSA এবং স্টুডেন্ট লোন মাফ ও মুক্তির প্রকল্পগুলির ব্যাপারে তথ্যাবলী।
- স্টুডেন্ট লোনের পরিভাষাগুলি নিয়ে শব্দকোষ।
- ঋণগ্রহীতা প্রতিরক্ষা প্রতিকার এবং স্কুল বন্ধ হয়ে যাওয়ার জন্য ঋণমুক্তির ব্যাপারে তথ্য।

ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission, FTC)

কীভাবে খুব সাধারণ প্রতারণার ফাঁদগুলি এড়াবেন তা জানার জন্য ftc.gov-এ যান।

ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর কলেজ অ্যাডমিশন কাউন্সেলিং

আপনি কোনো স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামে নথিভুক্ত হওয়ার আগে যে যে নমুনা প্রশ্ন জিজ্ঞাসা করতে হবে তা জানার জন্। https://www.nacacnet.org/globalassets/documents/publications/forprofit.pdf-এ যান।

নিউ ইয়র্ক সিটি উপভভোক্তা এবং কর্মী সুরক্ষা ববভোগ (Department of Consumer and Worker Protection, DCWP)

- সব পরামর্শগুলির জন্য nyc.gov/studentloans-তে যান:
  - "আপনি কোনো স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামে নথিভুক্ত হওয়ার আগে"
  - "আপনি নিজের বা সন্তানের জন্য স্টুডেন্ট লোন নেওয়ার আগে"
  - "একবার আপনি স্টুডেন্ট লোন নিলে"
- nyc.gov/dca দেখুন বা 311-তে কল করুন (ঋণ সংগ্রহের অভিযোগ নিয়ে)।

নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (Higher Education Services Corporation, HESC)

আপনার পক্ষে উপযুক্ত কলেজ খুঁজে বের করতে hesc.ny.gov-তে যান। "Prepare" (প্রস্তুতি) -তে ক্লিক করুন।

U.S. শিক্ষা বিভাগ

আপনার শিক্ষার জন্য ঋণ নেওয়ার আগে যে যে জিনিসগুলি বিবেচনা করা দরকার সেগুলির তালিকা পেতে https://studentaid.ed.gov/sa/types/loans#considerations-এ যান।

সতর্ক থাকুন...

শিকারী স্কুলগুলির থেকে

নিউ ইয়র্ক সিটিতে এমন শয়ে শয়ে লাভজনক স্কুল রয়েছে যেগুলি এয়ার কন্ডিশনিং মেরামতি থেকে কসমেটোলজি এবং মেডিক্যাল টেকনিশিয়ান প্রশিক্ষণের মত সবকিছুর কোর্স চালু করে নিউ ইয়র্কবাসীদের ভর্তি নিয়ে এক পা এগিয়ে থাকে। কেউ কেউ চাপ দিয়ে ভর্তি করার কৌশল কাজে লাগিয়ে আপনাকে প্রচুর আর্থিক সহায়তা নিতে ভুল পথে চালিত করে এবং আপনার পক্ষে ডিগ্রীটি সম্পূর্ণ করা এমন শক্ত করে তোলে যাতে আপনি বাধ্য হয়ে আরও সহায়তা নেবেন।

কলেজের স্কলারশিপ এবং আর্থিক সহায়তার ফাঁদ

বহু প্রতারণাকারী শিক্ষার্থী ও তাদের অভিভাবকদেরকে অগ্রিম মোটা অর্থের বিনিময়ে স্কলারশিপের প্রতিশ্রুতির প্রলোভনে লুব্ধ করে। এই প্রতারণাকারীরা স্কলারশিপ দেয় না এবং ফীও ফেরত দেয় না। অন্যান্য প্রতারণাকারীরা শিক্ষার্থীর হয়ে এমন স্কলারশিপের জন্য আবেদন করার প্রসেসিং ফী ধার্য করে যে “স্কলারশিপগুলি” আদৌ বাস্তবে নেই।

স্টুডেন্ট লোন “ঋণ মুক্তির” ফাঁদ

প্রতারণাকারীরা এমন ফেডারেল প্রকল্পের মাধ্যমে শিক্ষার্থীদেরকে ঋণ মাফ করার ভুয়ো প্রতিশ্রুতি দিয়ে সুবিধা তোলে যে প্রকল্পগুলির আদৌ অস্তিত্ব নেই এবং যার জন্য শিক্ষার্থীদের আপফ্রন্ট ও চালু ফী হিসাবে এমন পরিষেবার খরচা বহন করতে হয় যেগুলি যথেচ্ছভাবে নিখরচায় উপলভ্য রয়েছে।